দৈনিক বাংলা

তারিখ 2.9.FEB 1996

পৃষ্ঠা ১১ কলাম ৪

# হোমিওপ্যাথি ডিপ্লোমা পরীক্ষার ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ঃ মঙ্গলবার বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষের ডিপ্লোমা ইন হোমিওপ্যাথিক মেডিসিন এ্যান্ড সার্জারীর (ডিএইচ-এমএস) প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষের (চূড়ান্ত) ফলাফল ঘোষণা করেছে।

বোর্ডের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে এই পরীক্ষার প্রথম বর্ষের ৩৫৬১ জনের মধ্যে ২০৭৯ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৫৮ দশমিক ২০। দ্বিতীয় বর্ষের ২৩৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৬০৪ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৬৮ দশমিক ৬০। তৃতীয় বর্ষের ১৬২৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১১৩০ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৬৯ দশমিক ৬০। চতুর্থ বর্ষ (চূড়ান্ত) পরীক্ষায় ১৫৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১১০৭ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৭০ দশমিক ৩০।